

### মেডিকলে প্রথম বর্ষের ক্লাস শুরু ২৩ জুলাই

নিজস্ব প্রতিবেদক ঢাকা



মেডিকেল ফাইল ছবি

দেশের সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজগুলোর ২০২২-২৩ শিক্ষাবর্ষের এমবিবিএস কোর্সের প্রথম বর্ষের ক্লাস ২৩ জুলাই শুরু হবে। আজ বুধবার (১২ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজগুলো ২০২২-২৩ শিক্ষাবর্ষের এমবিবিএস কোর্সের শিক্ষার্থীদের ক্লাস ২৩ জুলাই শুরু হবে।

১০ জুলাই এমবিবিএস ২০২২-২৩ শিক্ষাবর্ষের ক্লাস শুরুর কথা ছিল। ২ জুলাই অনিবার্য কারণে তা স্থগিত করে স্বাস্থ্য অধিদপ্তর। তখন স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের পক্ষ থেকে বলা হয়েছিল, ক্লাস শুরুর দিনক্ষণ পরবর্তী সময়ে জানানো হবে।

২০২২-২৩ শিক্ষাবর্ষের এমবিবিএস ভর্তি পরীক্ষা গত ১০ মার্চ অনুষ্ঠিত হয়। ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয় ১২ মার্চ। দেশের ৩৭টি সরকারি মেডিকেল ৪ হাজার ৩৫০ আসনে ভর্তি হন শিক্ষার্থীরা। আর ৭২টি বেসরকারি মেডিকেল কলেজে শিক্ষার্থী ভর্তি হয়েছেন।



---

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো